## ম্যাক্‌কিনি ভেন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট

## অস্থায়ী আবাসনের (টেম্পোরারি হাউজিং) শিক্ষার্থীবৃন্দ - পিতামাতা ও কিশোর-কিশোরীদের জন্যে নির্দেশিকা (গাইড)

| আলোচ্য | গুরুত্বপূর্ণ তথ্য |
|---|---|
| **শিক্ষার অধিকার রক্ষার উদ্দেশ্যে ম্যাককিনো-ভেন্টো অ্যাক্ট-এর অধীনে নিম্নলিখিত পরিস্থিতিতে বসবাসকারী শিক্ষার্থীদেরকে বাস্তুহারা বা হোমলেস হিসেবে বিবেচনা করা হয়:** | • কোন আশ্রয়কেন্দ্র বা শেল্টারে, মোটেলে, ক্যাম্প-গ্রাউন্ডে, অথবা হাসপাতালে পরিত্যক্ত অবস্থায়।<br>• কোন গাড়িতে, পার্কে, জনসাধারণের জন্যে উন্মুক্ত স্থানে, বাসে, ট্রেনে অথবা পরিত্যক্ত ভবনে।<br>• বাসস্থান বা হাউজিং খুঁজে না পাওয়ায় অথবা সামর্থ্য অনুযায়ী না হওয়ায়, বন্ধু বা আত্মীয়স্বজনদের সাথে ভাগাভাগি করে থাকে। |
| **সঙ্গীহীন কিশোর-কিশোরী** | • যে কিশোর-কিশোরী পিতামাতার বা কারো অভিভাবকত্বের প্রত্যক্ষ তত্ত্বাবধানে নেই, এবং যে উপরে উল্লিখিত ব্যাখ্যা অনুযায়ী উদ্বাস্তু বা হোমলেস হিসেবে সংজ্ঞায়ীত হতে পারে।<br>*সঙ্গীহীন বাস্তুহারা বা হোমলেস কিশোর-কিশোরীদের, হোমলেস শিক্ষার্থী হিসেবেও যারা পিতামাতা বা কোন অভিভাবকের সাথে বসবাস করে, তাদের সমান অধিকার রয়েছে।* |
| **যেসব শিক্ষার্থী ম্যাককিনি-ভেন্টো অ্যাক্ট-এর বাস্তুহারা বা হোমলেস-এর সংজ্ঞাধীন, তাদের নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে:** | • বিনা খরচে পাবলিক স্কুলে পড়ালেখা করা।<br>• আসন খালি থাকে সাপেক্ষে, জোন স্কুলে সাথে সাথে ভর্তি হওয়ার।<br>• তাদের বর্তমান অবস্থানে কতদিন ধরে বসবাস করছে সে বিবেচনা ছাড়াই স্কুলে পড়াশোনা করার।<br>• তাদের মূল স্কুলে অবস্থান করার (বাস্তুহারা হওয়ার আগে যে স্কুলে ভর্তি ছিলো কিংবা সর্বশেষ যে স্কুলে পড়ালেখা করতো) কিংবা ইচ্ছানুযায়ী তাদের নতুন জোনভুক্ত স্কুলে ভর্তি হওয়ার।<br>• স্কুলে যাওয়া ও আসার জন্য পরিবহন সুবিধা পাওয়ার।<br>• শুধু তাদের পরিস্থিতিগত কারণে বা ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজ না থাকায় সাথে সাথে স্কুলে ভর্তিতে প্রত্যাখ্যাত না হওয়ার।<br>• তারা বাস্তুহারা (হোমলেস) হওয়াতে নিয়মিত স্কুল প্রোগ্রাম থেকে পৃথকীকৃত না হওয়ার।<br>• বিনামূল্যে স্কুলের খাবার পাওয়ার। |
| **গুরুত্বপূর্ণ তথ্য:** | • প্রতিটি বরোতে কমপক্ষে একজন স্টুডেন্টস ইন টেম্পোরারি হাউজিং (সাময়িক আবাসে অবস্থিত শিক্ষার্থী, STH) রিজিওনাল ম্যানেজার আছেন যিনি STH লিয়াজোঁ হিসেবে কাজ করেন এবং বাস্তুহারা শিক্ষার্থীদের শিক্ষায় সহায়তা করার জন্য তাদের কর্মসূচি (প্রোগ্রাম) ও পরিষেবাসমূহ প্রস্তুত করেন। ফ্যামেলি অ্যাসিস্ট্যান্টদের একটি টিমকে STH রিজিওনাল ম্যানেজার তত্ত্বাবধান করেন। রিজিওন্যাল ম্যানেজারের সাথে যোগাযোগের তথ্য পাওয়া যাবে শিক্ষার্থীদের অস্থায়ী আবাসন বা টেম্পোরারী হাউজিং ওয়েবসাইটে।কিছু স্কুলে STH-তে সহায়তা করার জন্যে, একজন STH কমিউনিটি কোঅর্ডিনেটর রয়েছেন।<br>• অতিরিক্তভাবে, ডিস্ট্রিক্ট 75 এবং ডিস্ট্রিক্ট 79-এ একজন দায়িত্বপ্রাপ্ত STH লিয়াজোঁ রয়েছেন, যিনি বাস্তুহারা (হোমলেস) ছেলেমেয়েদের লেখাপড়ায় প্রয়োজনীয় সহায়তা দেয়ার জন্য প্রস্তুত থাকেন।<br>• ফ্যামিলি অ্যাসিস্ট্যান্টগণ শেল্টারে এবং কিছু কিছু স্কুলে অবস্থান করেন। তারা বাস্তুহারা পিতামাতা ও তাদের ছেলেমেয়েদের শিক্ষাগত চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় সহায়তা দিতে দায়বদ্ধ থাকেন।<br>• ফ্যামেলি অ্যাসিস্ট্যান্টগণ পিতামাতাদের সন্তানকে স্কুলে ভর্তি হওয়া, টিকা দেয়া, স্কুলের কাগজপত্র সংগ্রহ করা এবং স্কুলে যাওয়া-আসার ব্যবস্থা করায় সহায়তা করার জন্যে রয়েছেন। ব্যক্তিগত প্রশ্ন করতে, প্রশিক্ষণের ব্যবস্থা করতে, কিংবা সঙ্গীহীন কিশোর-কিশোরীদের সহায়তা করতে, স্কুল-কর্মীদের স্কুল-ভিত্তিক লিয়াজোঁ অথবা কমিউনিটি কোঅর্ডিনেটর, অথবা তাদের রিজিওন্যাল ম্যানেজারের সাথে যোগাযোগ করতে দ্বিধা করা উচিত নয়। |
| **স্কুল বাছাই:** | • যদি সন্তান বাস্তুহারা (হোমলেস) হলে স্কুলগুলোকে অবশ্যই পিতামাতাদের সন্তানের জন্যে স্কুল বাছাই করার সুযোগ দিতে হবে। পিতামাতা নিম্নলিখিতগুলো থেকে বেছে নিতে পারবেন:<br>a) স্থায়ী ঠিকানায় বসবাসকালে শিক্ষার্থী যে স্কুলে পড়তো (মূল স্কুল);<br>b) শিক্ষার্থী সর্বশেষ যে স্কুলটিতে ভর্তি ছিলো; কিংবা<br>c) বাস্তুহারা (হোমলেস) শিক্ষার্থী বর্তমানে যে এলাকায় বাস করছে, সে এলাকায় স্থায়ীভাবে বসবাসরত শিক্ষার্থীদের জন্য যেসব স্কুল রয়েছে সেগুলো, এক্ষেত্রে প্রযোজ্য শিক্ষার্থী যোগ্যতার শর্তগুলো পূরণ করেছে এবং আসন খালি রয়েছে। |
| **স্কুল এনরোলমেন্ট: (বর্তমানে আপনার সন্তান কোন স্কুলে ভর্তি না থাকলে কিংবা আপনি স্কুল বদল করতে চাইলেই শুধু প্রযোজ্য হবে)** | • এলিমেন্টারি এবং মিডল্ স্কুল – আপনার যদি একটি জোনভুক্ত স্কুল থেকে থাকে, শিক্ষা বছর চলাকালে আপনি যেকোন সময় সরাসরি স্কুলে গিয়ে ভর্তি হতে পারেন। আপনার যদি কোন জোনভুক্ত স্কুল না থাকে অথবা আপনি আপনার সন্তানের জন্য যদি অন্য স্কুলের অপশনগুলো দেখতে চান, তবে ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করুন। আপনার ফ্যামিলি ওয়েলকাম সেন্টার কোথায় আছে জানতে চাইলে, অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন।<br>• হাই স্কুল – সকল হাই স্কুল শিক্ষার্থীকে অবশ্যই ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে রেজিস্টার করতে হবে।<br>• যদি আপনার সন্তান বর্তমানে NYC ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিস-এর আশ্রয়কেন্দ্রে (শেল্টারে) বসবাস করে, তাহলে যদি প্রয়োজন হয়, আপনার আশ্রয়কেন্দ্রের ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট আপনাকে সহায়তা দিতে সক্ষম হবেন। আপনার আশ্রয়কেন্দ্রে (শেল্টারে) যদি কোন ফ্যামেলি অ্যাসিস্ট্যান্ট না থাকেন অথবা আপনি যদি আশ্রয়কেন্দ্রে (শেল্টারে) বসবাস না করেন, তাহলে অনুগ্রহ করে আপনার STH রিজিওনাল ম্যানেজার-এর সাথে যোগাযোগ করুন। |
| **ভর্তি নিয়ে বিরোধ:** | • যদি অ্যাসাইন করা স্কুল নিয়ে বিরোধ উৎপত্তি হয়, যতদিন বিরোধ নিষ্পত্তি না হচ্ছে, ততদিন শিক্ষার্থীদের তাদের মূল স্কুলে অথবা নতুনভাবে নির্ধারিত বদলি স্কুলে থাকা উচিত, এবং আপনার সন্তানকে অবশ্যই যে স্কুলে ভর্তি করতে চাচ্ছেন সেটায় সাময়িকভাবে রেজিস্টারকৃত হতে হবে।<br>• পিতামাতাকে অবশ্যই বিরোধ সম্পর্কে স্কুলের সিদ্ধান্ত জানিয়ে একটি লিখিত ব্যাখ্যা দিতে হবে যাতে আপিলের অধিকারের কথা উল্লিখিত থাকবে এবং যা STH ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট, অথবা অনসাইট STH স্কুল ভিত্তিক লিয়াজোঁ, অথবা STH রিজিওনাল ম্যানেজার-এর কাছে সহায়তার জন্য সুপারিশ করে পাঠান হবে। |
| **পরিবহন** | • যেসব শিক্ষার্থীদেরকে ম্যাককিনি ভেন্টো অ্যাক্ট অনুযায়ী বাস্তুহারা (হোমলেস) হিসেবে সংজ্ঞায়িত করা হয়, তারা যদি প্রয়োজন হয়, স্কুলে যাওয়া আসার জন্য পরিবহনসুবিধা পাওয়ার অধিকারী। যদি থাকে, K-6 গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের বাসের সুবিধা দেওয়া হবে; অন্যথায়, তারা শিক্ষার্থী মেট্রোকার্ড পাওয়ার যোগ্য।<br>• প্রি-K-6 গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের যারা পরিবহন সুবিধা এবং মেট্রোকার্ড লাভের যোগ্য, তাদের পিতামাতাও তাদের সন্তানদের সঙ্গে আনা-নেওয়ার জন্য পরিবহনসুবিধা (মেট্রোকার্ড) লাভের যোগ্য।<br>• 7-12 গ্রেডের শিক্ষার্থীরা স্টুডেন্ট মেট্রোকার্ড লাভের যোগ্য। |

**আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার বরো STH লিয়াজোঁর সাথে অথবা 311 নম্বরে ফোন করুন।**

6/19/19